গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
রাজস্ব শাখা
www.narayanganj.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪১.৬৭০০.৩০১.০১.০০১.২৩- ৬৫৮

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার ২১-০৩-২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৪৯.১৪.৯৭ সংখ্যক স্মারক পত্রের মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ জেলার রাজস্ব প্রশাসনের আওতাধীন নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে এক পাতার নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল-২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/ (গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বছর | ০৯ (নয়) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলি:

০১। প্রার্থীর বয়স ২৫/০৩/২০২৩ খ্রি. তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। বয়স নিরুপনের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২-০৯-২০১৪ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ সংখ্যক স্মারকে পত্রের নির্দেশনা মোতাবেক প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীও আবেদন করতে পারবেন।

০২। এ বিজ্ঞপ্তি, আবেদনপত্রের ফরম এবং নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর ওয়েবসাইট www.narayanganj.gov.bd হতে সংগ্রহ/প্রকাশ করা হবে।

০৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর আবেদনপত্র আগামী ০৫-০৪-২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন রেজিস্টার্ড ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি এ কার্যালয়ে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। নিয়োগ পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ১৫-০৪-২০২৩ খ্রি. তারিখে সময় সকাল ১০:০০ ঘটিকা। কোন কারণে তারিখ ও সময় পরিবর্তন হলে ওয়েব সাইটের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের ফটোকপি ও প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫ সে.মি. × ৫ সে.মি রঙ্গিন ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারীর সুস্পষ্ট নাম, পদবী ও সিল থাকতে হবে)।

(খ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর মেয়র/সিটি কর্পোরেশন এর সংশ্লিষ্ট ওয়ার্ডের কউন্সিলর/সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(গ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) বিবাহিত মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী/আবেদনকারী চাকুরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এই মর্মে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।



CamScanner

(ছ) প্রার্থীকে আবেদনের সাথে পরীক্ষার ফি বাবদ ১০০/-টাকা ১-৪৬৩২-০০০১-২০৩১ নম্বর কোডে অফেরৎযোগ্য ট্রেজারি চালানের মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার গ্রহণযোগ্য হবে না।

(জ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে উল্লেখ করে (মোবাইল নম্বরসহ) ১৫/-(পনের) টাকার ডাক টিকেট লাগানো ১০.৫´´× ৪.৫´´ সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

(ঝ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৫। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে ও তারিখে প্রার্থীদের নির্বাচনী/লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। বাতিলকৃত আবেদন ওয়েব সাইটের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৭। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৮। খামের উপরে স্পষ্ট অক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম ও কোটার নাম (যদি থাকে) লিখতে হবে।

০৯। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সকল সরকারি বিধি বিধান ও কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১২। আবেদনকারী কোন তথ্য গোপন করলে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৪। কর্তৃপক্ষ প্রয়োজনে যেকোন শর্ত সংযোজন/বিয়োজন/পরিবর্তন/পরিবর্ধন ও পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২২/৩/২৩

মোঃ মঞ্জুরুল হাফিজ,বিপিএএ
জেলা প্রশাসক
ফোন: +৮৮০২-৪৭৬৫০৬৬৪ (অফিস)
e-mail: dcnarayanganj@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৬৭০০.৩০১.১১.০০১.২৩- ৩৫৮/১

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯বঙ্গাব্দ
২২ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

০১। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

CS CamScanner

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (বহুল প্রচারের অনুরোধসহ) প্রেরণ করা হলো:

০৬। জেলা প্রশাসক, ................................................... (সকল)।
০৭। উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
০৯। সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
১০ উপপরিচালক, স্থানীয় সরকার, নারায়ণগঞ্জ।
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
১২। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
১৩। জেলা পর্যায়ের কর্মকর্তা...............................................
১৪। মেয়র, ........................................................পৌরসভা, নারায়ণগঞ্জ।
১৫। উপজেলা নির্বাহী অফিসার, ..................................(সকল), নারায়ণগঞ্জ।
১৬। সহকারী কমিশনার (ভূমি), ..................................(সকল), নারায়ণগঞ্জ।
১৭। জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ।
১৮। (ক) সম্পাদক, দৈনিক ইত্তেফাক, নারায়ণগঞ্জ।
(খ) সম্পাদক, দৈনিক ডান্ডি বার্তা, নারায়ণগঞ্জ।
১৯। নোটিস বোর্ড, এ কার্যালয়।
২০। মাস্টার ফাইল।

বিজ্ঞপ্তিটি আগামী ২৩/০৩/২০২৩ তারিখের মধ্যে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১(এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ০৫(পাঁচ) কপি এবং বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নস্বাক্ষরকারীর বরাবর বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

মোঃ মঞ্জুরুল হাফিজ, বিপিএএ
জেলা প্রশাসক

# আবেদন ফরম

বরাবর

জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ।

| | | | |
|---|---|---|---|
| ১ | পদের নাম ঃ | | |
| ২ | বিজ্ঞপ্তির নম্বর ঃ | তারিখ | দিন / মাস / বৎসর |
| ৩ | প্রার্থীর নাম | বাংলায় ঃ | |
| | | ইংরেজীতে (বড় হাতের অক্ষরে) ঃ | |
| ৪ | জাতীয় পরিচয় নম্বর | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর | | |
| ৫ | জন্ম তারিখ | | ৬. জন্ম স্থান (জেলা) ঃ |
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | | |
| ৮ | মাতার নাম ঃ | | |
| ৯ | পিতার নাম ঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১০ | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোষ্ট কোড নম্বর ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |
| ১১ | যোগাযোগ ঃ | মোবাইল নং | ই-মেইল |
| | | | |
| ১২ | জাতীয়তা ঃ | ১৩. জেন্ডার ঃ | |
| ১৪ | ধর্ম ঃ | ১৫ পেশা ঃ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬ | শিক্ষাগত যোগ্যতা ঃ | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে ) | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোয্য ক্ষেত্রে ) | | | |
| ১৯ | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| ২০ | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ঃ চালান নং- | | তারিখ | |
| | ব্যাংক ও শাখার নাম ঃ | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | | | | | | | | | প্রার্থীর স্বাক্ষর |